

## মার আকাশে উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে ইউক্রেনের ৩ পাইলট নিহত

- A Monitor Desk Report

Date: 27 August, 2023



ইউক্রেনের সবচেয়ে বিখ্যাত ও চোকস পাইলটদের একজন এবং আরো দু'জন বৈমানিক মধ্য আকাশে এক সংঘর্ষে নিহত হয়েছেন।

পশ্চিমা গণমাধ্যমে অসংখ্য সাক্ষাতকার দিয়ে ব্যাপকভাবে পরিচিত হয়ে ওঠা পাইলট আন্দ্রি পিলশচিকভের মৃত্যুকে ইউক্রেনের জন্য বিরাট ক্ষতি হিসেবে বিবেচনা করা হচ্ছে।

আন্দ্রি পিলশচিকভ ইউক্রেন যুদ্ধের প্রথম দিকেই লড়াইয়ে অংশ নিয়ে ব্যাপক পরিচিতি অর্জন করেছিলেন।

ইউক্রেনের সামরিক বাহিনী এসব বৈমানিকের মৃত্যুকে 'দুঃখজনক ও অপূরণীয়' ক্ষতি হিসেবে উল্লেখ করেছে এবং পিলশচিকভকে 'ব্যাপক জ্ঞান ও মেধাসম্পন্ন' পাইলট হিসেবে বর্ণনা করেছে।

আরও পড়ুন: [উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে প্রাণ গেল পাইলটের](#)

ইউক্রেনের উত্তরাঞ্চলে মধ্য আকাশে দুটি এল-৩৯ প্রশিক্ষণ বিমানের মধ্যে সংঘর্ষ হলে তারা নিহত হন।

কর্তৃপক্ষ এখন উড়োজাহাজ গুলোর যাত্রা শুরুর আগে যথাযথ প্রস্তুতি নেয়া হয়েছিল কি-না সেটি তদন্ত করে দেখছে। ইউক্রেনের যে অঞ্চলে দুর্ঘটনাটি হয়েছে সেটি রাজধানী কিয়েভের পশ্চিমে এবং যুদ্ধাঞ্চল থেকে শত শত মাইল দূরে।

-B